# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

## পঞ্চম শ্রেণিঃ বাংলা

## নমুনা উত্তরপত্র ( ওয়ার্কশিট - ২ )

**১)**

**১.১. (ক)** পাহাড়ে।

**১.২. (ঘ)** ছাদের উপর সিঁড়ির ঘর।

**১.৩. (গ)** খোলা ছাদ।

**১.৪. (খ)** বর্ণপরিচয়।

**১.৫. (খ)** অকর্মক ক্রিয়া।

**১.৬. (ক)** ক্রিয়াপদ।

**১.৭. (খ)** অসমাপিকা ক্রিয়া।

**১.৮ ( ক)** সমাপ্ত।

**২)**

**২.১.** 'পিলপেগাড়ি' বলতে দুই হাতিতে টানা গাড়িকে বোঝায়।

**২.২.** 'ছেলেবেলা' পাঠ্যাংশে বালক রবির কাছে 'ওয়েসিস' ছিল তাঁর পিতার স্নানঘর।

**২.৩.** একটি সকর্মক ক্রিয়াপদের উদাহরণ বাক্যে প্রয়োগ করলে হয় - **শুভ ছবি আঁকছে।**

**২.৪. সমাপিকা ক্রিয়াপদ ও অসমাপিকা ক্রিয়াপদের মধ্যে পার্থক্য হল -**

- সমাপিকা ক্রিয়াপদ বাক্যের অর্থ সম্পূর্ণ করে।
- অসমাপিকা ক্রিয়াপদ বাক্যের অর্থ সম্পূর্ণ করে না।

SRAI

**২.৫.** যে ক্রিয়াপদের দুটি কর্ম থাকে, তাকে **দ্বিকর্মক ক্রিয়াপদ** বলে।

**যেমনঃ** অর্ণব বোনকে (গৌণ কর্ম) ছবি (মুখ্য কর্ম) আঁকাচ্ছে।

**৩)**

**৩.১.** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'ছেলেবেলা' পাঠ্যাংশে বালক রবি তাঁর পিতার বন্ধ ঘরের খড়খড়ির ভিতর দিয়ে হাত গলিয়ে ঘরের ছিটকিনি খুলে সেখানে ঢুকতেন।

- বালক রবির কাছে বাড়ির খোলা ছাদটি ছিল তাঁর প্রধান ছুটির দেশ। গরমকালে সেই ছাদের উপর দিয়ে গরম বাতাস হু হু করে বয়ে যেত। ছাদটিতে যখন গরম হাওয়া বইত বালক রবির সেটাকে মরুভূমি বলে মনে হত। আর সেই ছাদের পাশে বাবার ঘরটাকে তাঁর মনে হত 'ওয়েসিস'। মরুভূমিতে যেমন ওয়েসিস একমাত্র জলের উৎস তেমনি তিনতলার ছাদে জলের কল ছিল একমাত্র জলের উৎস। কলঘরের প্রতি আকর্ষণের কারণেই পিতার অনুপস্থিতিতে সে পাহারাওয়ালাদের নজর এড়িয়ে দুপুরবেলায় ছাদের উঠতেন। সেখানে খড়খড়ির মধ্য দিয়ে হাত ঢুকিয়ে ঘরের ছিটকিনি খুলে নিতেন। তারপর জলের কল খুলে তিনি প্রাণভরে স্নান করতেন। এইভাবেই আলোচ্য পাঠ্যাংশ থেকে বালক রবির পিতার কলঘরের প্রতি আকর্ষণের কথা আমরা জানতে পারি।

SRAI